কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

আর্থিক লিপি

www.facebook.com/arthiklipiepaper Siliguri Office : Ph : 0353-2521544, Fax : 0353-2521545, E-mail : lipi.siliguri2015@gmail.com ৮ পাতা ₹ 3

Vol - XIII, ISSUE - 154 শিলিগুড়ি ● শুক্রবার ● ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ ● ১ জুন, ২০১৮ ● SILIGURI ● FRIDAY ● JUNE 1, 2018

জিদানের বিদায়

রেকর্ড গড়েই রিয়াল মাদ্রিদ ছাড়লেন হেড কোচ জিনেদিন জিদান। রিয়াল মাদ্রিদের চ্যাম্পিয়ন্স লিগ জেতার পেছনে যার অবদান গুরুত্বপূর্ণ, তাঁর সরে দাঁড়ানোয় হতাশ দলের সমর্থকরা।

নীতিনের তত্ত্ব

কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনপ্রিয়তা এবং সারা দেশে বিজেপির বিস্তার দেখে ভয় পেয়ে বিরোধী দলগুলি জোট বেঁধেছে। তিনি বলেন, ২০১৯-এ বিরোধীরা তলাতিতে ঠেকবে।



আস্থা হারিয়েছে বিজেপি, এখনই ভোট হোক : মমতা

সুমন গাঙ্গুলি ● কালিম্পং

৩১ মে : আস্থা হারিয়েছে বিজেপি। তাই এখনই ভোট হওয়া দরকার। বৃহস্পতিবার দেশের ১১টি বিধানসভা এবং ৪টি লোকসভা কেন্দ্রে বিজেপির ভরাডুবির পর নরেন্দ্র মোদীকে কার্যত চ্যালেঞ্জ ছুড়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন উত্তরকন্যায় এক সাংবাদিক সম্মেলনে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'এখনই জনগণের ভোট নেওয়া উচিত। জনগণই শেষ কথা বলে। মানুষ এখন বীতশ্রদ্ধ। এখন ওদের বিরুদ্ধে অনাস্থা আনার দরকার নেই। মানুষ ওদের প্রতি আস্থা হারিয়ে ফেলেছে।' পাশাপাশি ফের এদিন আঞ্চলিক দলগুলির ফেডারেল ফ্রন্টের পক্ষে জোর সওয়াল করেন মুখ্যমন্ত্রী। উপনির্বাচনের ফলাফল বিশ্লেষণ করে মুখ্যমন্ত্রীর বক্তব্য, আঞ্চলিক দলগুলির ফেডারেল ফ্রন্ট এখন দেশের মধ্যে শক্তিশালী। এখন আঞ্চলিক দলগুলিকে গুরুত্ব দিতেই হবে, এই নির্বাচন সেটা দেখিয়ে দিল। বিজেপিকে হারাতে একের বিরুদ্ধে এক লড়াইয়ের ফর্মুলা দিয়েছিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আর তাঁর ফর্মুলাতেই অক্সিজেন মিলেছে অবিজেপি জোটে। আর এই ফর্মুলাতেই যে আগামী দিনে বিজেপিকে উৎখাত করা সম্ভব, এদিন তাও স্পষ্ট করে দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, যে যেখানে শক্তিশালী বিজেপির বিরুদ্ধে তাঁদেরকেই লড়তে হবে। এটাই এখন ফর্মুলা। যেখানে যে দল শক্তিশালী সেটা আঞ্চলিক দল হোক বা জাতীয় দল হোক, সবাইকে এক হতে হবে। একটি শক্তিশালী ঐক্যবদ্ধ জোট করতে হবে। এটাই এখন ফর্মুলা। পাশাপাশি এদিন নাম না করে বিজেপিকে তীব্র আক্রমণ করেন দেশজুড়ে অবিজেপি জোটের মূল কারিগর মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'মানুষ এখন বিজেপির প্রতি বীতশ্রদ্ধ। এত বঞ্চনা, এত অপমান, এত প্রতারণা মানুষ মেনে নেবে না। উদাহরণ হিসেবে তিনি তুলে ধরেন পেট্রোপণ্যের দাম বৃদ্ধিকেও। তাঁর বক্তব্য, একবার ভেবে দেখুন মানুষকে কীভাবে অপমান করা হল। ১৬ দিন ধরে পেট্রোল ও ডিজেলের দাম বাড়িয়ে দেওয়া হল। হঠাৎ করে একদিন বলল ১ পয়সা দাম কমিয়ে দিলাম। এটা অপমান ছাড়া আর কি? কিন্তু মনে রাখা উচিত, সবার একটা সীমা থাকে। সরকারের সেই সীমা ছাড়ানো উচিত নয়।'

এর আগেই মেঘালয়, মণিপুর, গোয়া সহ একাধিক রাজ্যে কার্যত গায়ের জোরে বিজেপির বিরুদ্ধে ক্ষমতা দখলের অভিযোগ করেছিল বিরোধীরা। এদিন সেই প্রসঙ্গও টেনে আনেন তৃণমূল সুপ্রিমো। মমতার বক্তব্য, আসলে ওরা গায়ের জোরে সবকিছু দখল করতে চাইছে। মনে রাখা উচিত, রাজনীতিতে গায়ের জোরে সব জয় করা যায় না। গণতন্ত্র থেকে শিক্ষা নেওয়া উচিত। কোনও সাম্প্রদায়িক শক্তিকে দেশের মানুষ মেনে নেয় না। সংবিধান ভাঙার চেষ্টা করলেও তা দেখে মানুষ মেনে নেবে না।

মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে রাজ্য পুলিশের ডিজি হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন বীরেন্দ্র। রয়েছেন সুরজিৎ কর পুরকায়স্থ। -নিজস্ব চিত্র

এদিন নিজের বক্তব্যে কখনও লালু, কখনও শরদ পাওয়ার, এমনকী শিবসেনারও ঢালাও প্রশংসা করেন তিনি। আরজেডি সুপ্রিমো লালুপ্রসাদ যাদবকে আহত বাঘ বলে মন্তব্য মমতার। তিনি বলেন, দেখলেন তো, বিহারে লালুজিকে জেলে আটকেও থামানো গেল না। আসলে লালুজি আহত বাঘ। তাই আরও খতরনাক। ঠিক একইভাবে আমি বলব, শিবসেনা, এনসিপি, বিএসপি, এসপি সবাই বিজেপির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে একজোট হয়েছে। আর এটাই এখন বিজেপির কাছে অশনি সংকেত। উত্তর প্রদেশে বিধানসভা ও লোকসভায় বিজেপি ক্ষমতা দখল করলেও গোবলয়ের এই রাজ্যেই একের পর এক উপনির্বাচনে মুখ থুবড়ে পড়েছে মোদী-অমিত শাহের দল। উত্তর প্রদেশ থেকেই গেরুয়া বাহিনীর পতন হল বলে আত্মবিশ্বাসী মমতার বক্তব্য। উত্তর প্রদেশ আমাদের পথ দেখাবে। দেশের সরকার বদল করতে এই রাজ্যই সব থেকে বড় ভূমিকা নেবে। গত লোকসভায় ৭০-এর বেশি আসন এখান থেকে বিজেপি পেয়েছিল, এবার তা পাবে বিরোধীরা। আর এখান থেকেই বিজেপির পতনের শুরু। তবে সারা দেশে একের বিরুদ্ধে এক লড়াইয়ের টোটকা দিলেও বাংলার নির্বাচনে জিততে তাঁর যে কোনও সঙ্গী দরকার নেই, তা এদিন পরিষ্কার করে দেন তৃণমূল নেত্রী। মহেশতলা উপনির্বাচনে বিপুল ভোটে জয়ী হওয়ার পর সেই পরিসংখ্যানকেই সামনে আনেন তিনি। তিনি বলেন, 'বাংলায় কাউকে আমার দরকার নেই। বাংলায় আমি একাই সব সামলে নেব। এই তো দেখলেন মহেশতলায়। ওখানে বিজেপি, কংগ্রেস, সিপিএমের মিলে যা ভোট, তার থেকেও বেশি ভোট আমরা পেয়েছি। পঞ্চায়েত নির্বাচন নিয়ে অনেক কুৎসা করা হয়েছিল। বলা হয়েছিল, আমরা নাকি ভোট করতে দিই না। কিন্তু এই নির্বাচনে তো সিআরপিএফ দিয়ে হয়েছিল। যা ভোটার তার থেকেও বেশি সিআরপিএফ ছিল। রীতিমতো বাঙ্কার করে ছিল সিআরপিএফ। যেন ওয়াটারলুর যুদ্ধ লেগেছে। তা সত্ত্বেও আমরা জিতেছি। সমস্ত অপপ্রচারের জবাব মানুষ দিয়ে দিয়েছে।' তবে আগামী দিনে কেন্দ্রের অবিজেপি জোট সরকার যে দেবেগৌড়া বা আইকে গুজরালের মতো হবে না, তাও জানিয়ে দেন মুখ্যমন্ত্রী।

নতুন ডিজিপি হলেন বীরেন্দ্র

স্টাফ রিপোর্টার : **বৃহস্পতিবার উত্তরকন্যায় রাজ্য পুলিশের ডিজি হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন বীরেন্দ্র। পাশাপাশি এদিনই সদ্য প্রাক্তন ডিজি সুরজিৎ কর পুরকায়স্থকে রাজ্যের নতুন নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব দিল রাজ্য সরকার। এদিন বিকেল ৫টায় প্রয়োজনীয় কাগজপত্রে সই করে বীরেন্দ্রকে দায়িত্বভার বুঝিয়ে দেন সুরজিৎ কর পুরকায়স্থ। দেশের মধ্যে এই প্রথম কোনও রাজ্যে আলাদা করে নিরাপত্তা উপদেষ্টার পদ তৈরি করা হল। কিন্তু কেন এই পদ? তার ব্যাখ্যা করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'নিরাপত্তার ক্ষেত্রে এই পদের গুরুত্ব অনেক। আমাদের রাজ্যে অনেকগুলি বর্ডার আছে। পাশাপাশি বাংলাদেশ, নেপালের গেটওয়ে হচ্ছে বাংলা। তাঁদের এই পদের গুরুত্ব অনেক। দেশের মধ্যে এই প্রথম একটি পদ তৈরি করা হল শুধুমাত্র নিরাপত্তার কথা ভেবেই।' আগামী তিন বছর এই পদে থাকবেন সুরজিৎ কর পুরকায়স্থ।**

ছাত্রছাত্রীদের বিক্ষোভে ফের উত্তাল হয়ে উঠল গনিখান চৌধুরি ইন্সটিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি

নিজস্ব প্রতিনিধি, মালদহ : ছাত্রছাত্রীদের বিক্ষোভে ফের উত্তাল হয়ে উঠল গনিখান চৌধুরি ইন্সটিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। আমরণ অনশনের পাশাপাশি এবার প্রতিবাদ মিছিল নিয়ে ইংরেজবাজার শহরে রাস্তায় নামলেন তারা। বিক্ষোভরত ছাত্রছাত্রীদের দাবি তাদের ভর্তি এবং পাঠক্রম অনুমোদনের বিষয়টি নিশ্চিত করতে হবে কর্তৃপক্ষকে। তবে ওই প্রতিষ্ঠানের ডিরেক্টর জানিয়ে দিয়েছেন, অ্যাফিলিয়েশনের পর ভর্তি কিংবা পরীক্ষার বিষয়টিপ তাদের হাতে নেই। এ নিয়ে শেষ কথা বলবে মৌলনা আবুল কালাম আজাদ টেকনিক্যাল ইউনিভার্সিটি ও রাজ্য সরকারের উচ্চশিক্ষা বিভাগ। জিকোসিআইইটির ডিপ্লোমা উত্তীর্ণ এবং বিটেক পাঠরত কিছু পড়ুয়া পরবর্তী ভর্তি দাবিতে গত ১৩ দিন ধরে পুরাতন মালদহের নারায়ণপুর ক্যাম্পাসে আমরণ অনশন চালিয়ে যাচ্ছেন। এদিন তাঁরা নিজেদের দাবিতে মালদহ শহরে একটি মিছিলের আয়োজন করেন। তাঁদের একজন সুপ্রিয়া সরকার বলেন, বহু প্রতীক্ষিত অ্যাফিলিয়েশন মিললেও জিকোসিআইইটি কর্তৃপক্ষ তাঁতের ভর্তি নিচ্ছে না। একই ধরণের আরও তিনটি প্রতিষ্ঠানে সেখানকার পড়ুয়াদের ভর্তি প্রক্রিয়া চললেও জিকোসিআইইটি কর্তৃপক্ষ এ ব্যাপারে নীরব। সেকারণেই গত ১৩ দিন ধরে তাঁরা প্রতিষ্ঠানের ক্যাম্পাসে আমরণ অনশন চালিয়ে যাচ্ছেন। তবুও কর্তৃপক্ষের টনক নড়েনি। শুধু তাই নয়, এখানে একমাত্র ৩ টি ব্যাচের বিটেক কোর্স ভর্তি নেওয়া হচ্ছে। কিন্তু সিভিল ও কম্পিউটার সায়েন্স এখনও অ্যাপ্রুভাল নেই। তাঁরা এই দুটি কোর্সে ল্যাটারাল এন্ট্রি চান। নিজেদের দাবিতে তাঁরা জেলাশাসকেও ডেপুটেশন দিয়েছেন। আরেক পড়ুয়া শাহিন জাহেদি বলেন, ডিপ্লোমা করে তাঁরা এক বছর ধরে বাড়িতে বসে রয়েছেন। তাঁরা কেউ সার্টিফিকেট পাননি। তাঁরা গত ১৩ দিন ধরে প্রতিষ্ঠানের ক্যাম্পাসে বিটেক কোর্সে ভর্তির দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। কর্তৃপক্ষের ঘুম না ভাঙায় এদিন তাঁরা মালদহ শহরে মিছিল করেছেন। জিকোসিআইইটির ডিরেক্টর পরমেশ্বর রাও আলাপতি জানান, গত ৮ বছর ধরে এই প্রতিষ্ঠানে বাস্তবিকই প্রচুর সমস্যা ছিল। অ্যাফিলিয়েশন ছাড়াই পড়ুয়াদের বিটেক কোর্সে তুলে দেওয়া হয়েছিল। এর ফলেই ২০১৪-১৬ ও ২০১৫-১৭ শিক্ষাবর্ষের পাসআউটে ও মাঝপথে থেমে যাওয়া বিটেক কোর্সের দুটি ব্যাচের পড়ুয়ারা সমস্যায় পড়েছেন। তাঁরা সার্টিফিকেট পাননি তবে ল্যাটারাল এনিন্ট্রির দাবিতে যে পড়ুয়ারা আন্দোলন চালিয়ে যাচ্ছেন, তাঁদের ক্ষেত্রে সমস্যা রয়েছে, সম্প্রতি তাঁরা এই প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন পেয়েছেন। অ্যাফিলিয়েশন দিয়েছে মৌলনা আবুল কালাম আজাদ টেকনিক্যাল ইউনিভার্সিটি। পরবর্তীতে পড়ুয়াদের ভর্তি কিংবা সার্টিফিকেট দেবে ওই প্রতিষ্ঠান ও রাজ্য সরকারের উচ্চশিক্ষা বিভাগ। এক্ষেত্রে তাদের কিছু করার নেই। সমস্যা অন্য জায়গায়। অ্যাফিলিয়েশন পাওয়ার পর জিকোসিআইইটিতে ভর্তি হতে ইচ্ছুক পড়ুয়াদের জেইই'র মাধ্যমে আসতে হবে। সারা দেশের পড়ুয়ারাই সেভাবে এখানে (তিনটি ফুড টেকনোলজি, মেকানিক্যাল, ও ইলেক্ট্রিক্যাল) কোর্সের অ্যাফিলিয়েশন মিলেছে। প্রথম ও দ্বিতীয় বর্ষের এই তিনটি কোর্সে ৬০ টি করে মোট ১৮০ টি আসন রয়েছে। যাঁদের ল্যাটারাল এন্টির মাধ্যমে এখানে ভর্তি নেওয়া হবে তাঁদেরও সেই আসনের মধ্যে রাখতে হবে। এই পরিস্থিতিতে নিশ্চিতভাবেই কর্তৃপক্ষ সবাইকে ল্যাটারাল এন্টির মাধ্যমে ভর্তি দিতে পারবে না। ডিরেক্টর জানিয়েছেন, এই সমস্যা সমাধানে তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করবেন বলে তিনি আশাবাদী। সেক্ষেত্রে রাজ্য সরকার মৌলনা আবুল কালাম আজাদ টেকনিক্যাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধান করবে। তবে এটি একটি দীর্ঘকালীন প্রক্রিয়া। তাঁরা নিজেদের এই সীমাবদ্ধতার কথা আন্দোলনকারী পড়ুয়াদের বোঝানোর চেষ্টা করেছেন।

নিপা ভাইরাস নিয়ে বিএমওএইচ'দের সঙ্গে বৈঠক করল স্বাস্থ্য দফতর

নিজস্ব প্রতিনিধি, মালদহ: নিপা ভাইরাস নিয়ে সচেতনতামূলক প্রচার ও চিকিৎসা পরিষেবা সুষ্ঠু রাখতে সমস্ত ব্লকের বিএমওএইচ'দের নিয়ে বৈঠক করল স্বাস্থ্য দফতর। বৃহস্পতিবার এ নিয়ে মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের দফতরে একটি বৈঠক হয়। এছাড়াও মালদহ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে অজানা জ্বরে আক্রান্ত রোগীদের জন্য আলাদা করে চার শয্যার একটি আইসিইউ ওয়ার্ড চালু করা হল।

এদিন মালদহ উপ-মুখ্যস্বাস্থ্য আধিকারিক -২ ডাঃ অমিতাভ মণ্ডল জানিয়েছেন, নিপা ভাইরাস নিয়ে জেলায় আতঙ্কের কোনও বিষয় নেই। তবে অজানা জ্বর দিয়ে .কোনও রোগী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি হলে তাদের রক্ত পরীক্ষা করা হচ্ছে। ইতিমধ্যে মেডিক্যাল কলেজ এন-৯৫ কিট মজুত করা হয়েছে। পাশাপাশি চিকিৎসক ও স্বাস্থ্য কর্তাদের নিয়ে বৈঠক হয়েছে। তাতে নিপা ভাইরাস জনিত বিষয়ে সচেতনামূলক শিবির এবং প্রচার করার ব্যাপারে কিছু বিষয় জানানো হয়েছে। ইতিমধ্যে মালদহতে একটি স্বাস্থ্য কমিটি তৈরি করা হয়েছে। তারাই বিভিন্ন ব্লকে গিয়ে বিএমওএইচদের নিয়ে বৈঠক ও স্বাস্থ্য পরিষেবার বিষয়টি তদারকি করবেন।

ফের উদ্ধার ১১ টি বিষাক্ত লোমযুক্ত ট্যারেন্টুলা মাকড়সা

নিজস্ব প্রতিনিধি, রায়গঞ্জ: এখন খবরের শিরোনামে বিষাক্ত লোমযুক্ত ট্যারেন্টুলা মাকড়সা। যা প্রতিদিন রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে উদ্ধার হচ্ছে। সেখানে দাড়িয়ে একদিনে একসঙ্গে ১১ টি ট্যারেন্টুলা উদ্ধারের ঘটনায় আতঙ্ক ছড়াল উত্তর দিনাজপুরের ইটাহার ব্লকের দুর্গাপুর ও পিপলান গ্রামে। জানা যায়, দুর্গাপুর গ্রামে অরুণ কুমার দাস ও পিপলান গ্রামের সাধন দের বাড়ি থেকে মোট ১১ টি ট্যারেন্টুলা উদ্ধার করে রায়গঞ্জের পিউপিলস ফর অ্যানিম্যালস নামে একটি পশুপ্রেমী সংস্থা। উদ্ধার হওয়া ট্যারেন্টুলাগুলো বন দফতরের হাতে তুলে দেন তারা রাতেই। জানা যায়, বুধবার রাতেই ইটাহার ব্লকের দুর্গাপুর গ্রামের বাসিন্দা অরুণ কুমার দাসের বাড়িতে বড় আকারের বিষাক্ত মাকড়সা দেখতে পেয়ে ভয়ে আতঙ্কিত হয়ে ওঠেন বাড়ির লোকেরা। খবর দেওয়া হয় রায়গঞ্জের পশুপ্রেমী সংস্থা '' পিউপিলস ফর অ্যানিম্যালস ''কে। সংস্থার কর্ণধার গৌতম তান্তিয়া কয়েকজন সদস্য নিয়ে অরুণ দাসের বাড়িতে গিয়ে উদ্ধার করে। এরপরই খবর আসে পাশেই পিপলান গ্রামেও দেখা গিয়েছে বিষাক্ত বড় আকারের মাকড়সা। সেখান গিয়েও ৪ টি ট্যারেন্টুলা উদ্ধার করা হয়।

পথদুর্ঘটনা কমাতে লিফলেট ও স্টিকারে লাগিয়ে চলছে প্রচার

বালুরঘাট, ৩১মে: দক্ষিণ দিনাজপুর জেলা জুড়ে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচিতে সফলতা পেলেও গত কয়েক মাসে বেশকিছু অ্যাক্সিডেন্টের ঘটনা সামনে আসে। এর পরেই কড়া পদক্ষেপ গ্রহণ করা হল ট্রাফিক পুলিশের পক্ষ থেকে। এবার থেকে ট্রাফিক আইন অবমাননা করলে বাতিল করা হতে পারে ড্রাইভিং লাইসেন্স। এমনকী হতে পারে হাজতবাসও। বিভিন্ন বাস, মোটর বাইক সহ অন্য গাড়িতে এমনই লিফলেট ও স্টিকার লাগিয়ে প্রচার চলছে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচির। বালুরঘাট ট্র্যাফিক পুলিশের ওসি সঞ্জয় মুখার্জি বলেন, গত কয়েক মাসে শহরে বেশ কিছু পথদুর্ঘটনা ঘটেছে। পথদুর্ঘটনা কমাতে ও রাস্তায় চলাচল করার ক্ষেত্রে কী কী সচেতনতা অবলম্বন করতে হবে, সেই বিষয়ে স্টিকার ও লিফলেট তৈরি করে আজ বিভিন্ন গাড়িতে লাগানো হয়েছে। সকলকে ট্রাফিক রুল মেনে চলার বিষয়ে অবগত করা হচ্ছে। ট্রাফিক আইন অবমাননা করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিরল প্রজাতির গন্ধ গোকুল পাওয়া গেল উকিল পাড়া এলাকায়

নিজস্ব প্রতিনিধি, রায়গঞ্জ: বিরল প্রজাতির গন্ধগোকুল উদ্ধারে আতঙ্ক ছড়াল উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ শহরের উকিল পাড়া এলাকায়। জানা গেছে উদ্ধার হওয়া গন্ধগোকুলটি বন্যপ্রাণী সংরক্ষণ আইনের ২য় তপশিলের অন্তর্ভুক্ত। বুধবার রায়গঞ্জের উকিলপাড়ায় অবস্থিত বৈদ্যনাথ সারদা নামের এক ব্যক্তি তার লোহার দোকানের গুদামে ঢুকে বন বেড়াল জাতীয় ওই প্রাণীটিকে দেখতে পেয়ে স্থানীয় পশুপ্রেমী সংস্থার সদস্যদের খবর দেন। উত্তর দিনাজপুর পিপলস ফর অ্যানিমেল এর সদস্যরা গিয়ে বুঝতে পারেন ওই প্রাণীটি একটি গন্ধগোকুল। তারা গন্ধগোকুলটিকে বনদফতরের হাতে তুলে দেন। পশুপ্রেমী সংস্থার সদস্য গৌতম তান্তিয়া বলেন, এই প্রাণীটির বিশেষ বৈশিষ্ট্য হল, এর শরীর থেকে সুগন্ধী চালের মতো গন্ধ বের হয়।

পেট্রোলের দাম কমল ৭ পয়সা, ডিজেল ৫ পয়সা

নয়াদিল্লি, ৩১ মে : শেষ পর্যন্ত পেট্রোল ও ডিজেলের লাগাতার দর বৃদ্ধিতে লাগাম টানা হল। বুধবার পেট্রোলের দাম কমেছিল ১ পয়সা। বৃহস্পতিবার পেট্রোলের দাম লিটারে ৭ পয়সা ও ডিজেলের দাম লিটার পিছু ৫ পয়সা কমল। যদিও অতি সামান্য দাম কমেছে। কিন্তু তবু কিছুটা স্বস্তি পেয়েছেন বাস, ট্যাক্সি, মিনিবাস, ট্রাক চালকরা। স্থানীয় বিক্রয় কর বা ভ্যাটের জন্য পেট্রোপণ্যের দাম এক এক জায়গায় এক একরকম। দেশের সবচেয়ে বড় শহর তথা রাজধানী দিল্লিতেই পেট্রোপণ্যের দাম সব থেকে কম।

গ্রেফতার এড়াতে হাইকোর্টে চিদম্বরম

নয়াদিল্লি, ৩১ মে : এয়ারসেল-ম্যাক্সিস চুক্তি নিয়ে এবং আইএনএক্স মিডিয়া মামলায় তাঁকে গ্রেফতার করা হতে পারে এমন আশঙ্কায় প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম দিল্লি আদালতের বিশেষ বিচারক ও পি সাইনির কাছে আবেদন জানান। আদালত ইডি'কে নির্দেশ দিয়েছে, আগামী ৫ জুন পর্যন্ত তাঁর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া যাবে না। প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী আগাম জামিনের জন্য দিল্লি হাইকোর্টে আবেদন জানিয়েছিলেন। আদালত বলেছে, তদন্তের স্বার্থে যখনই ইডি চিদম্বরকে তলব করবে, তখনই তিনি যাবেন। আবেদনপত্রে চিদম্বরম বলেছেন, তাঁর আশঙ্কা ইডি তাঁকে গ্রেফতার করতে পারে। এরপরেই তিনি দিল্লি হাইকোর্টে আগাম জামিনের জন্য আবেদন করেন।বিচারপতি এস পি গর্গ বলেন, সময়ের অভাবের জন্য তিনি এই মামলার শুনানি করতে পারছেন না। তিনি বিষয়টি কার্যনির্বাহী প্রধান বিচারপতি গীতা মিত্তলের আদালতে তালিকাভুক্ত করার জন্য পাঠিয়েছেন। পুত্র কার্তি চিদম্বরম এবং পুত্রবধূ শ্রীনিধির বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয় বিদেশে তাঁদের সম্পত্তির পরিমাণ জানতে।

পাট উৎপাদনে বাংলাদেশ এগোলেও বাংলা পিছিয়ে পড়ছে, খোঁচা স্মৃতি ইরানির

স্টাফ রিপোর্টার : বণিকসভার আমন্ত্রণে রাজ্যে এসে পাট উৎপাদন নিয়ে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করলেন কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী স্মৃতি ইরানি। বৃহস্পতিবার কলকাতার এক পাঁচতারা হোটেলে মার্চেন্ট চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের আমন্ত্রণে এক সভায় বক্তব্য রাখতে গিয়ে স্মৃতি বলেন, বাংলাদেশ পাট উৎপাদনে যথেষ্ট উন্নতি করেছে। সেখানের উৎপাদনের হার যথেষ্ট বেশি। বাংলাদেশ বিদেশের বাজারে পাট ও পাটজাত দ্রব্যের বাজারে দখলদারি বাড়াতে তৎপর। অথচ পশ্চিম বাংলায় পাটজাত দ্রব্যের উৎপাদন ও পাট উৎপাদনে দেশের মধ্যে এক নম্বরে ছিল। বিশ্ব বাজারে এ রাজ্যের উন্নত পাটের যথেষ্ট চাহিদা রয়েছে। কেন্দ্রীয় সরকার চাইছে আগামী অর্থবর্ষে পাট ও পাটজাত দ্রব্য, রেশম তন্তু থেকে শুরু করে নানা বিষয়ে উৎপাদন বৃদ্ধি ও সেটা বিদেশের বাজারে রফতানি করার জন্য লক্ষ্যমাত্রা রেখেছে। তাই পাট উৎপাদনের বৃদ্ধির লক্ষ্যে পাট উৎপাদক রাজ্যগুলিকে আরও বেশি উৎপাদনের বৃদ্ধি ঘটানোর আবেদন জানান। এ বিষয়ে পশ্চিমবঙ্গকে আরও উদ্যোগী হওয়ার পরামর্শও দেন স্মৃতি।

সরকারি অনুদানের জন্য রাজ্য সরকারের কাছে যাবে রাজবংশী ভাষা একাডেমি

নিজস্ব প্রতিনিধি, কোচবিহার: উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে নিজস্ব উদ্যোগে চলা রাজবংশী মাধ্যমের স্কুল। এবার সেই সব স্কুলের জন্য সরকারি অনুদান ও অনুমোদনের জন্য রাজ্য সরকারকে অনুরোধ করবে রাজবংশী ভাষা একাডেমি। বুধবার ভাষা একাডেমির এক বৈঠকের পর এই কথা জানালেন। একাডেমির সহ সভাপতি বংশী বদন বর্মন, সদস্য তথা কোচবিহারের সাংসদ পার্থপ্রতীম রায় সহ অন্যান্য সদস্যরা। বৈঠকের পর বিজয় চন্দ্র বর্মন জানান,'' উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় প্রায় ৬০ টি রাজবংশী ভাষার বিদ্যালয় রয়েছে। সেখানে প্রাথমিক স্তরে রাজবংশী ভাষার পড়াশোনা করানো হয়। রাজবংশী ভাষা একাডেমি শুরু করবে। সেখানে এই স্কুলগুলির বর্তমান অবস্থা সর্ম্পকে জানা হবে। সেই সমীক্ষা হয়ে গেলে রাজ্য সরকারের কাছে প্রস্তাব পাঠানো হবে। এই অনুমোদনহীন স্কুলগুলির জন্য অনুদান ও অনুমোদনের ব্যাপারে রাজ্য সরকারকে প্রস্তাব পাঠাবে ভাষা একাডেমি।''